দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 JUL 2009
পৃষ্ঠা 2 কলাম

# বঙ্গবন্ধু ফেলোশিপ আবারো চালু হচ্ছে বিশ্ববিদ্যালয়ে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, দরিদ্রের ট্যাক্সের টাকা দিয়ে বিজ্ঞানীরা গবেষণা করে থাকে। তাই এদের সমস্যা দূর করতে এবং খাদ্যে স্বয়ংস্পূর্ণতার জন্য বিজ্ঞানীদের কাজ করতে হবে। এর জন্য বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় বায়োটেকনোলজী খাতকে গুরুত্ব দিচ্ছে। বিশ্ববিদ্যালয়ে পুনরায় বঙ্গবন্ধু ফেলোশিপ চালু করা হবে বলেও তিনি উল্লেখ করেন।

গতকাল বুধবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় (২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## বঙ্গবন্ধু ফেলোশিপ

(প্রথম পৃঃ পর)

সেন্টার অব এক্সেলেন্স সম্মেলন কক্ষে 'বাংলাদেশ জীবপ্রযুক্তি : বর্তমান অবস্থা ও উত্তরণ' শীর্ষক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। গ্লোবাল নেটওয়ার্ক অব বাংলাদেশী বায়োটেকনোলজিস্ট এবং ইয়ং বায়োটেকনোলজিস্ট অব বাংলাদেশ যৌথভাবে এ গোলটেবিল বৈঠকের আয়োজন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক হাসিনা খানের সঞ্চালনায় বৈঠকে মূল প্রবন্ধ পাঠ করেন অধ্যাপক আহমদ শামসুল ইসলাম। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড.আ আ ম স আরেফিন সিদ্দিক। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন অধ্যাপক ড.আনোয়ার হোসেন, অধ্যাপক ড. বাশার, ড.মাজেদ খান, শাহিনা ইসলাম, অধ্যাপক আহমদ আবদুল্লাহ আজাদ প্রমুখ।